

**একটি প্রাইমারী
স্কুলের সমস্যা**

বগুড়া জেলার আদমদীঘি উপ-
জেলার অন্তর্গত বিহিগঞ্জ সরকারী
প্রাইমারী স্কুলটি বর্তমানে
বিপর্যয়ের সম্মুখীন। ১৯৬৯ ইং
সালে স্কুলটির জন্য পাক দলান
নির্মাণের জন্য ডেভেলপমেন্ট স্কিম
এর অধীনে ২২ হাজার টাকার
মঞ্জুরী দেয়া হয়। ১৯৭০ ইং
সালের শেষের দিকে এ মঞ্জুরী
প্রথম কিস্তি হিসাবে পাঁচ হাজার
টাকা পাওয়া যায় এবং সে টাকায়
স্কুলের জন্য ছয় কক্ষের দালনের
মাত্র ৩/৪ ফুট দেওয়াল নির্মাণের
কাজ সমাপ্ত হয়। স্বাধীনতা
উত্তরকালে বাংলাদেশ সরকারের
শিক্ষা বিভাগে অনেক লেখা লেখিব
পর নতুন করে কিছু সহায়তা
পাওয়া যায়। এর দ্বারা কেন
মাত্র স্কুলের মাত্র তিনটি কক্ষের
পাকা দেওয়ালসহ টিনশেড
নির্মাণের কাজ সম্পন্ন হয়। বাকী
তিনটি কক্ষের নির্মাণ কাজ টাকার
অভাবে অদ্যাবধি অসমাপ্ত অব-
স্থায় রয়েছে। স্কুলটির বর্তমান
ছাত্রসংখ্যা প্রায় ১৫০০ শত।
কিন্তু শিক্ষক মাত্র ৪ জন।
তাও একজন শিক্ষক আগামী
ডিসেম্বর/৮৭ মাসে অবসর নেও-
য়ার অপেক্ষায় রয়েছে। স্কুলের
বাকী তিন কক্ষের নির্মাণ ও
প্রয়োজনীয় শিক্ষক সংখ্যার অভাবে
স্থানীয় গরীব ছাত্র-ছাত্রীদের
লেখ পড়া দার-গড়াবে ক্ষতিগস্ত
হচ্ছে। কিন্তু এ ব্যাপারে বহু
লেখা লেখা করেও কোন ফলোদয়
হয়নি।
এ অবস্থায় স্কুলটির উল্লি-
খিত সমস্যা সমাধানের স্থায়ী
নিরাসনের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন
কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ
করছি।
মোঃ তাছের উদ্দিন আহম্মদ
গভর্ণ ও ডাক্তার বিহিগঞ্জ
বগুড়া।

২১